ভোরের কাগজ

তারিখ ... SEP 09 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 6

132

# চরিত্র নিয়ে অশোভন মন্তব্য করায় সহকর্মীর বিরুদ্ধে কর্তৃপক্ষের কাছে অভিযোগ করেছেন ঢা. বি. শিক্ষিকা

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক তার এক মহিলা সহকর্মীর চরিত্র সম্পর্কে অশোভন মন্তব্য করেছেন। সংশ্লিষ্ট শিক্ষিকা বিষয়টি লিখিতভাবে বিভাগীয় চেয়ারম্যানকে জানিয়েছেন। পরে বিষয়টি উপাচার্য এবং সিন্ডিকেট পর্যন্ত গড়িয়েছে।

জানা গেছে, সমাজবিজ্ঞান বিভাগের প্রভাষক আ ক ম জামালউদ্দিন গতকাল বুধবার তার সহকর্মী মাহমুদা খাতুনের সঙ্গে ঐ বিভাগেরই শিক্ষক নিয়োগ নিয়ে কথা বলছিলেন। এক পর্যায়ে তাদের মধ্যে তর্ক শুরু হয়। জামালউদ্দিন এ সময় মাহমুদা খাতুনের ছাত্রজীবনের পরীক্ষার ভালো ফলাফলের কারণ সম্পর্কে শিক্ষকদের জড়িয়ে অশোভন মন্তব্য করেন এবং তার চরিত্র নিয়েও কটু মন্তব্য করন। অপমানজনক কথা বলায় শিক্ষিকা মাহমুদা এক পর্যায়ে শিক্ষক লাউঞ্জে ছুটে যান এবং উপস্থিত সকলকে বিষয়টি জানান। এ সময় তিনি পদত্যাগের কথাও বলেন।

এ ব্যাপারে গতকাল বিভাগীয় চেয়ারম্যানের কাছে তিনি লিখিত অভিযোগ করেছেন। গতকাল জামালউদ্দিনও কর্তৃপক্ষের কাছে পাল্টা একটি অভিযোগ করেছেন বলে জানা যায়।